গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ
www.plandiv.gov.bd

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৮৯.১৯.১২৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬
১০ মার্চ ২০২০

প্রাপক:
জনাব মোঃ ইব্রাহিম হোসেন , পিএইচডি
গবেষক আইবিএস, রাজশাহী বিশ্ববিদ্যালয় রাজশাহী।

বিষয়: **"বরেন্দ্র অঞ্চলে শিক্ষার প্রকৃতি ও ধারা, ১২০০-১৮৫৮ খ্রিঃ"–শীর্ষক পিএইচডি গবেষণার আর্থিক মঞ্জুরি বৃদ্ধি।**

সূত্র: (১) সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের পত্র নং-২০.০০.০০০০.৩০৯.০২.০৯০.১৯-৯৭০, তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ।
(২) গবেষকের ০২/১২/২০১৯খ্রি: তারিখের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানাচ্ছি যে, এ পরিষদের সাথে আপনার সম্পাদিত গত ১৭/১০/২০১৯ খ্রি: তারিখের চুক্তি অনুযায়ী উক্ত শিরোনামের এমফিল গবেষণার জন্য মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ ছিল ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। পরবর্তীতে আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে ১নং সূত্রোস্থ পত্রের মাধ্যমে এমফিল গবেষণাটি পিএইচডি গবেষণায় স্থানান্তর করা হয়। ২নং সূত্রোস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৭/০২/২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত ৫২তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় গবেষণাটি এমফিল থেকে পিএইচডি ক্যাটাগরিতে স্থানান্তরিত হওয়ায় সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল ২০১৭ অনুযায়ী পিএইচডি গবেষণার জন্য আর্থিক মঞ্জুরির পরিমাণ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা থেকে বৃদ্ধিপূর্বক সর্বোচ্চ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা মঞ্জুরি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে পরিষদের সাথে পুনঃচুক্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

১০-৩-২০২০

মো: লুৎফর রহমান
গবেষণা কর্মকর্তা
ফোন: ৯১৮০৭৯৭
ইমেইল:
ssrc.planningdivision@yahoo.com

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৮৯.১৯.১২৭/১

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬
১০ মার্চ ২০২০

১০ মার্চ ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) উপাচার্য,, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

২) ড. এ কে এম ইয়াকুব আলী, , প্রফেসর ইমেরিটার, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ,, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ

৪) অতিরিক্ত সচিব (এসএসআরসি), প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৫) উপসচিব, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ

৬) গবেষণা কর্মকর্তা, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ



১০-৩-২০২০

মো: লুৎফর রহমান

গবেষণা কর্মকর্তা